# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ
(www.bau.edu.bd)

তারিখঃ ৩০-১০-২০২৫

## অক্টোবর, ২০২৫ - মার্চ, ২০২৬ (Winter Semester) সিমেস্টারে এম.এস. কোর্সে আবেদন ও ভর্তির তারিখ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অক্টোবর ২০২৫ - মার্চ, ২০২৬ (Winter Semester) সিমেস্টারে এম.এস. কোর্সে আবেদন ও ভর্তির তারিখ নিম্নবর্ণিতরূপে পরিবর্তন করা হলো ঃ

১. অনলাইনে (https://www.bau.edu.bd/msapplication/form) আবেদনের সময়সীমা ০৬ নভেম্বর ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হলো।

২. আবেদন প্রক্রিয়া সম্পন্নের পর নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তিবর্গ অনলাইন প্যানেলে আবেদনটিতে Approval দিবেন অথবা কারন উল্লেখপূর্বক আবেদনটি Reject করবেন। নির্ধারিত সময়ের পর অনলাইনে আর কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না। আবেদনকারী ERP Student Profile এ তার আবেদনের অবস্থান সনাক্ত করতে পারবে।

| দায়িত্বপ্রাপ্ত | করণীয় | তারিখ |
|---|---|---|
| বিভাগীয় প্রধান | <u>মেধা তালিকার</u> প্রার্থীদের ভর্তির যোগ্যতা যাচাই করে BoS সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করতঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা এবং যারা ভর্তির সুযোগ পাবে না কারন উল্লেখপূর্বক তাদের আবেদনটি Reject করা। মেধা তালিকা থেকে আবেদন Reject হলে তা অপেক্ষমান তালিকায় চলে যাবে | ০৯ থেকে ১১ নভেম্বর ২০২৫ এর মধ্যে |
| | <u>অপেক্ষমান তালিকার</u> প্রার্থীদের ভর্তির যোগ্যতা যাচাই করে BoS সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করতঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা এবং যারা ভর্তির সুযোগ পাবে না কারন উল্লেখপূর্বক তাদের আবেদনটি Reject করা। অপেক্ষমান তালিকা থেকে আবেদন Reject হলে সে আর ভর্তির সুযোগ পাবে না | ১২ থেকে ১৩ নভেম্বর ২০২৫ এর মধ্যে |
| সুপারভাইজার | প্রার্থীকে সুপারভাইজ করার বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | ১৪ থেকে ১৭ নভেম্বর ২০২৫ এর মধ্যে |
| প্রক্টর | প্রার্থীদের জন্য অনলাইন প্যানেলে আবাসিক হল নির্ধারণ | |
| প্রভোস্ট | প্রার্থীর হল Attachment বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | |
| কো-অর্ডিনেটর | আবেদনসমূহ যাচাই-বাছাই করে ভর্তির জন্য সম্মতি/অসম্মতি প্রদান করা | ১৮ নভেম্বর ২০২৫ |
| রেজিস্ট্রার | ভর্তির জন্য সম্মতি প্রদান | ১৯ নভেম্বর ২০২৫ |

**ভর্তি ফি প্রদান ঃ**

৩. রেজিস্ট্রার ভর্তির জন্য সম্মতি প্রদান করার সাথে সাথে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী ভর্তি ফি প্রদান সংক্রান্ত মেইল পাবে। মেইল পাওয়ার পর ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখের মধ্যে ক্রমিক নং ৬ এ উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি ফি এবং হল সংক্রান্ত ফি অনলাইনে প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। মোট ফি-র সাথে মোবাইল ব্যাংকিং চার্জ স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে।

| ক্যাটাগরি | ভর্তি ফি | হল সংক্রান্ত ফি | আইডি কার্ড | মোট | তারিখ |
|---|---|---|---|---|---|
| এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | ৮২০/- | ৮৮০/- | ২৫০/- | ১৯৫০/- | ২০ থেকে ২৪ নভেম্বর ২০২৫ |
| অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | ৯৫০/- | ৮৮০/- | ২৫০/- | ২০৮০/- | |

৪. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ **২৫ নভেম্বর ২০২৫** তারিখ থেকে শুরু হবে।

৩০/১০/২৫
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
শিক্ষা বিষয়ক শাখা
ময়মনসিংহ